# ধর্ম যার যার, রাষ্ট্র সবার তারেক রহমানের রাজনীতির ভিত্তি: দুলু



সংগৃহীত ছবি

বিএনপির কেন্দ্রীয় নেতা অ্যাডভোকেট এম রুহুল কুদ্দুস তালুকদার দুলু বলেছেন, সংখ্যালঘুদের নিরাপত্তা ও অধিকার রক্ষায় বিএনপিই সবচেয়ে ধারাবাহিক ভূমিকা রেখেছে। স্বাধীনতার পর দীর্ঘ সময় রাষ্ট্রক্ষমতায় থাকা দলগুলোর মধ্যে এ ক্ষেত্রে বিএনপির অবস্থান আলাদা বলে তিনি মন্তব্য করেন।

শুক্রবার (১৬ জানুয়ারি) বিকেলে নাটোর সদর উপজেলার ছাতনী ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের রায় আমহাটি এলাকায় সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার স্মরণে আয়োজিত বিশেষ দোয়া মাহফিলে এসব কথা বলেন তিনি।

দুলু বলেন, বিএনপি ক্ষমতায় থাকাকালে সব ধর্মের মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছে, যাতে কোনো সংখ্যালঘু গোষ্ঠী হয়রানি, মামলা বা সহিংসতার শিকার না হয়। তিনি উল্লেখ করেন, তারেক রহমান বারবার বলেছেন—“ধর্ম যার যার, রাষ্ট্র সবার”—এই নীতিই বিএনপির রাজনীতির ভিত্তি।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক রহিম নেওয়াজ, যুগ্ম আহ্বায়ক সাইফুল ইসলাম আফতাব, জেলা বিএনপির সদস্য কাজী শাহ আলম ও নাসিম উদ্দিন নাসিম, ওলামা দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম, যুবদলের সাংগঠনিক সম্পাদক সাজ্জাদ হোসেন সোহাগ, বগুড়া জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালের নিউরো বিভাগের প্রধান ডা. শুশান্ত কুমার সরকার, কৃষ্ণ পদ সরকার, মনোজ কুমার সরকারসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।